RESEARCH & PUBLICATION OFFICE
University of Chittagong
Chittagong-4331, Bangladesh
Phone : PABX 726311-14, 2606001-10,
2606015-27, Extension-Off. : 4359
Fax : 88-031-2606014, 2606145
E-mail : vc_cu@spnetctg.com

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০,
২৬০৬০১৫-২৭, এক্সটেনশন অফিস : ৪৩৫৯
ফ্যাক্স : ৮৮-০৩১-২৬০৬০১৪, ২৬০৬১৪৫
ই-মেইল : vc_cu@spnetctg.com

Ref. : Date :

স্মারক নং- ৫৮২৮/গবে/পরি/প্রকা/চ.বি/২০১৬ তারিখঃ ০১/০১/২০১৭

বিজ্ঞপ্তি

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনার/আপনাদের সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালার আলোকে প্রতি অর্থ বছর শিক্ষকদের গবেষণা কাজে সহযোগিতা করার লক্ষ্যে সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

এ লক্ষ্যে বিভাগ/ইনস্টিটিউট এর আগ্রহী শিক্ষকবৃন্দকে সংযুক্ত নীতিমালা ও আবেদন ফরম অনুযায়ী আবেদনপত্র পূরণ করে একক/যৌথ গবেষণা প্রকল্প বিভাগীয় সভাপতি/পরিচালক এর সুপারিশক্রমে আগামী ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

০১/০১/১৭

সংযুক্তি : আবেদন পত্রের নমুনা ও নীতিমালা

Research & Publication Office, University of Chittagong, Chittagong, Bangladesh. Dt...........

Research & Publication Office
University of Chittagong.

Application of financial grant for Research Project

1. **Name of the Applicant** : ______________________________
2. **Present Position** : ______________________________
3. **Academic Qualifications** : ______________________________
4. **Title of the Research Project:** ______________________________
5. **Outline the Research Proposal with following specific-criteria :**
   [Please use the separate sheet for the Research Proposal.]
   - (ক) **Short Description of the Research Problem: Background and Context of the Research**
   - (খ) **Rationale of the Proposed Research**
   - (গ) **Hypothesis / Research Questions**
   - (ঘ) **Aims and Objectives of the Research**
   - (ঙ) **Literature Review and Theoretical Framework**
   - (চ) **Research Methodology**
   - (ছ) **Expected Outcomes and Contribution of the Research**
   - (জ) **Time Frame with Activity Plan**
   - (ঝ) **Proposed Budget**
6. **Whether financial grant(s) were received previously under the research office. If yes, please specify the title(s) for which grant(s) was/ were made :**
7. **Please specify the period necessary for completion of the project :**

Signature of the applicant
Date:-

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
(সমাজ বিজ্ঞান অনুষদের পূর্ব দিকে)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।

"গবেষণা সংক্রান্ত নীতিমালা"

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটে কর্মরত সহকর্মীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালার আলোকে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ব্যক্তিগত গবেষণার সুযোগ-সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের মাধ্যমে গবেষণা প্রকল্পের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসৃত হবে।

১। শিক্ষকদের প্রতি গবেষণা প্রকল্পের অনুকূলে গবেষণা পরিচালনার জন্য অনুর্ধ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অর্থ অনুদান প্রদান করা হবে।

২। এক অর্থবছরে একের অধিক গবেষণা প্রকল্পের জন্য আবেদন গ্রহণ করা যাবে না।

৩। এক বৎসরে ৩ (তিন) বার গবেষণা প্রকল্প আহবান করা হবে (জানুয়ারী, মে এবং সেপ্টেম্বর)।

৪। <u>নিম্নোক্ত বিষয়াদি অর্ন্তভূক্ত করে গবেষণা প্রকল্প জমা দিতে হবে</u> ঃ

(ক) গবেষণা প্রকল্পের শিরোনাম (**Title of the Research Proposal**)

(খ) গবেষণা সমস্যার সংক্ষিপ্ত বিবরণ ও প্রেক্ষাপট (**Short Description of the Research Problem, Background and Context of the Research**)

(গ) গবেষণার যৌক্তিকতা (**Rationale of the Proposed Research**)

(ঘ) অনুকল্প/ গবেষণা জিজ্ঞাসা (**Hypothesis / Research Questions**)

(ঙ) গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য (**Aims and Objectives of the Research**)

(চ) সাহিত্য পর্যালোচনা ও তাত্ত্বিক কাঠামো (**Literature Review and Theoretical Framework**)

(ছ) গবেষণা পদ্ধতি (**Research Methodology**)

(জ) গবেষণার সম্ভাব্য ফলাফল এবং অবদান (**Expected Outcomes and Contribution of the Research**)

(ঝ) সময় সূচীর ভিত্তিতে কর্মপরিকল্পনা (**Time Frame with Activity Plan**)

(ঞ) <u>প্রস্তাবিত বাজেট (**Proposed Budget**)</u> ঃ মাঠকর্ম ভিত্তিক গবেষণার আনুষাঙ্গিক খরচাদি, তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্তে খরচাদি, গবেষণা উপকরণ সংগ্রহে আনুষাঙ্গিক খরচাদি এবং রিপোর্ট প্রস্তুত করার জন্য আনুষাঙ্গিক খরচাদি (কম্পিউটার কম্পোজ ও বাইন্ডিং ইত্যাদি)।

৫। গবেষণা শেষে পূণার্ঙ্গ রিপোর্ট ও প্রকৃত খরচের হিসাব ভাউচারসহ জমা দিতে হবে। রিপোর্ট থেকে গবেষণার কোন অংশ প্রকাশিত হলে প্রবন্ধের শেষে গবেষণা প্রকল্পটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে এই মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং প্রকাশিত প্রবন্ধের একটি **Soft PDF** কপি গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরে জমা দিতে হবে।

৬। গবেষণা প্রকল্প চূড়ান্ত ভাবে সম্পন্ন করার পর গবেষক / গবেষকবৃন্দ নুন্যতম একটি প্রকাশনা **Published** করতে হবে।

৭। গবেষণা অনুদানের আবেদনের সাথে কম্পিউটার কম্পোজ ৩ (তিন) কপি স্পাইরাল বাইন্ডিং করা গবেষণা প্রকল্প জমা দিতে হবে। গবেষণা কার্যের জন্য অনুদান ২(দুই) কিস্তিতে দেয়া হবে। অনুদানের আবেদন বিবেচিত হলে গবেষণার কাজ আরম্ভ করার জন্য প্রথম কিস্তি বাবদ ৫০% টাকা অগ্রিম হিসাবে উত্তোলন

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

করা যাবে। উল্লেখ থাকে যে, গবেষণা প্রকল্পের রেফারেন্সে বা অন্য কোন অংশে গবেষকের নাম, ঠিকানা কিংবা প্রকল্প আবেদনকারীকে সনাক্ত করা যায় এমন কোন তথ্য থাকতে পারবেনা। এই তথ্যগুলি প্রচ্ছদ (Cover page) বা আবেদন পত্রের সাথে থাকতে পারে।

৮। গবেষণা কাজের শেষে রিপোর্ট প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়ন রিপোর্টের আলোকে দ্বিতীয় কিস্তি অথার্ৎ চূড়ান্ত কিস্তির টাকা পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে। প্রথম কিস্তির টাকা প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে গবেষণা প্রকল্পের কাজ শেষ করে চূড়ান্ত রিপোর্টসহ খরচের ভাউচার, হিসাব বিবরণী জমা করতে হবে। যদি কোন গবেষক চূড়ান্ত রিপোর্ট জমা দিতে ব্যর্থ হয়, তাহলে উক্ত গবেষকের মাসিক বেতন হতে সমান ১০ (দশ) কিস্তিতে প্রদত্ত অগ্রিমের টাকা সমন্বয় করার জন্য হিসাব নিয়ামক বরাবরে অনুরোধ করা হবে।

৯। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) অথবা অন্যকোন দেশী বা বিদেশী সংস্থার আংশিক বা পূর্ণ অর্থানুকূলে যে সকল গবেষণা করা হয় তার রিপোর্ট এবং শিক্ষকদের ব্যক্তিগত চিঠি বা এমফিল / পিএইচডি এর থিসিস গবেষণা ও প্রকাশনা দপ্তর থেকে কম্পিউটার কম্পোজ বা ফটোকপি করা যাবে না ।

১০। গবেষণা প্রকল্প জমা দেয়ার সময় আবেদনের সাথে এই মর্মে ঘোষণার মাধ্যমে উল্লেখ করতে হবে যে, ''প্রকল্পটি'' বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) বা অন্য কোন সংস্থার / প্রতিষ্ঠানের আর্থিক আনুকূল্যে আংশিক / পূর্ণাঙ্গভাবে গবেষণার অংশ বিশেষ নয়।

১১। গবেষণা প্রকল্পের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-৫৬৯৭/গবে/পরি/প্রকা/চ.বি./১৬(৯৪ তম সভার ১৪নং সিদ্ধান্তমতে) তারিখঃ ০৭/০৪/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সেকশন অফিসার, উপ-উপাচার্য দপ্তর, চ.বি.(উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। ডিন, কলা ও মানববিদ্যা/বিজ্ঞান/জীব বিজ্ঞান/ ব্যবসায় প্রশাসন/ সমাজ বিজ্ঞান/আইন/ইঞ্জিনিয়ারিং অনুষদ,
৪। সকল বিভাগীয় সভাপতিবৃন্দ, চ.বি। (সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউট এর শিক্ষকগণকে
৫। সকল ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ,চ.বি। অবহিত করার অনুরোধসহ)।
৬। রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত),চ.বি.।
৭। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত),চ.বি.।
৮। ডেপুটি রেজিস্ট্রার, উচ্চ শিক্ষা, ছুটি ও গবেষণা শাখা, চ.বি.।
৯। অফিস সংরক্ষণ কপি।

(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

** (১১-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫০৩ তম সভার-৪৫(ক) নং সিদ্ধান্তে অনুমোদিত)